



১৪/১১/৮৮

চার জনের বিজ্ঞান

একাডেমী

স্বর্ণপদক লাভ

015

বাংলাদেশ বিজ্ঞান একাডেমী ভৌত বিজ্ঞান ও জীব বিজ্ঞানে ১৯৮৮ সালের জন্য হারা স্বর্ণপদক পেয়েছেন তাদের নাম ঘোষণা করেছে।

পুরস্কারপ্রাপ্তরা হচ্ছেন :
ভৌত বিজ্ঞানে উর্ধ্বতন গুপে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রসায়ন বিভাগের প্রফেসর কে এ এ মালিক। স্বর্ণপদক ছাড়াও তিনি নগদ ২০ হাজার টাকা পাবেন।
(শেষ পেঃ ২-এর কঃ দ্রঃ)

স্বর্ণপদক লাভ

(প্রথম পঃ পর)

ভৌত বিজ্ঞানে নিম্নতর গুপে পেয়েছেন কারিগরি ও প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং-এর সহযোগী অধ্যাপক ডঃ সাইফুল ইসলাম। স্বর্ণপদক ছাড়াও তিনি নগদ ১০ হাজার টাকা ও বৃটিশ কাউন্সিলের দেয়া ১৫০ পাউন্ড-স্টার্লিং মূল্যের বই পাবেন।

জীব বিজ্ঞানে উর্ধ্বতন গুপে পেয়েছেন বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের সাবেক মহা-পরিচালক ডঃ এস এম হাসানুজ্জামান। স্বর্ণপদক ছাড়াও তিনি নগদ ২০ হাজার টাকা পাবেন।

জীব বিজ্ঞানে নিম্নতর গুপে পেয়েছেন কৃষি বিশ্ববিদ্যালয়ের মৃত্তিকা বিজ্ঞানের সহযোগী অধ্যাপক ডঃ এম এ সান্তার। স্বর্ণপদক ছাড়াও তিনি নগদ ১০ হাজার টাকা ও বৃটিশ কাউন্সিলের দেয়া ১৫০ পাউন্ড-স্টার্লিং মূল্যের বই পাবেন। খবর সংবাদ বিজ্ঞপ্তির।